# বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণঃ আবেদনের যোগ্যতা-অযোগ্যতা

**বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ**

বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) ক্যাডার কর্মকর্তাদের চাকুরী স্থায়ীকরণের অন্যতম একটি শর্ত হচ্ছে সফলভাবে বুনিয়াদী প্রশিক্ষণ সম্পন্ন করা। বুনিয়াদী প্রশিক্ষণ একজন কর্মকর্তাকে চাকুরীর বিধিবিধান সম্পর্কে অবগতকরণপূর্বক অফিস পরিচালনাসহ অন্যান্য কাজে সুদক্ষ করে তোলে। এককথায়, বুনিয়াদী প্রশিক্ষণ কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির অপরিহার্য অনুষঙ্গ। সর্ববৃহৎ ক্যাডার হিসেবে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের বিশালসংখ্যক কর্মকর্তাদের চাকুরীর বিধিবিধান সংক্রান্ত বিষয়ে স্বল্পতম সময়ে অবগত করার জন্য ০২ (দুই) মাস মেয়াদী বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

বর্তমানে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের জন্য মোট অনুমোদিত ০৫ (পাঁচ) টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ০৭ (সাত) টি কেন্দ্রে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

১) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD), কুমিল্লা,

২) বাংলাদেশ ইনষ্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (BIAM) ফাউন্ডেশন

- (ক) বিয়াম ফাউন্ডেশন, ঢাকা
- (খ) বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া
- (গ) বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার

৩) শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট (ICMH), মাতুয়াইল,

৪) জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (NAPD), ঢাকা ও

৫) পল্লী উন্নয়ন একাডেমি (RDA), বগুড়া।

**বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণে আবেদনের যোগ্যতা**

১) একজন বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তা ৯ম (নবম) গ্রেডে যোগদানের পরেই বুনিয়াদী প্রশিক্ষণে আবেদনের জন্য যোগ্য হবেন। তবে এক্ষেত্রে প্রশিক্ষণ প্রত্যাশী কর্মকর্তা অনলাইন আবেদনে যে প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন করবেন, উক্ত প্রতিষ্ঠানে বিসিএস ব্যাচ, মেধাক্রম (কোড নম্বর)- এর ভিত্তিতে প্রার্থী মনোনয়ন করা হবে।

**বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণে আবেদনের অযোগ্যতা**

১) ইতোপূর্বে বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ সম্পন্ন করে থাকলে দ্বিতীয়বার কোন প্রার্থী প্রশিক্ষণে আবেদনের যোগ্য হবেন না।

২) Deputation (both Study and Working Deputation), মাতৃত্বকালীন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি, শিক্ষাছুটি বা অন্যান্য দীর্ঘমেয়াদী ছুটি থাকাকালীন সময়ে কোন প্রার্থী বুনিয়াদী প্রশিক্ষণে মনোনয়নের জন্য বিবেচিত হবেন না।

# প্রশিক্ষণে আবেদনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা

* প্রশিক্ষণে আবেদনের জন্য প্রয়োজনীয় নির্দেশনাসমূহ ভালোভাবে পড়ে আবেদন প্রক্রিয়া শুরু করুন।

* আবেদনের পূর্বে আপনার কর্মরত প্রতিষ্ঠান হতে এইচআরআইএস প্রোফাইলের প্রয়োজনীয় হালনাগাদ করিয়ে নিন এবং প্রোফাইলে প্রদত্ত তথ্যের নির্ভুলতা নিশ্চিত করুন।

১) বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণে আবেদনের যোগ্য প্রার্থীগণ নির্দিষ্ট লিংকে তাদের ব্যক্তিগত এইচআরআইএস প্রোফাইলের আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করে তথ্য প্রদানপূর্বক আবেদন করবেন। কারিগরি জটিলতা এড়ানোর জন্য আবেদনের ক্ষেত্রে Google Chrome, Microsoft Edge অথবা Safari ব্রাউজার ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

২) **ইতোমধ্যে Google form পূরণ করে থাকলেও পুনরায় এই আবেদন ফরম পূরণ করতে হবে। নির্দিষ্ট লিংকে অনলাইন আবেদন ব্যতীত সরাসরি হার্ডকপি/ ই-মেইল/ Google form- এর মাধ্যমে আবেদনের কোন সুযোগ নাই।**

৩) **ইতোমধ্যে কোন কর্মকর্তা বুনিয়াদী প্রশিক্ষণের ডিজিটাল আদেশ প্রাপ্ত হয়েও প্রশিক্ষণে অংশগ্রহণ না করে থাকলে কারণ উল্লেখপূর্বক ও সংশ্লিষ্ট প্রমাণাদি সহ যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করে আদেশটি বাতিল করিয়ে নিতে হবে। অন্যথায় উক্ত কর্মকর্তা প্রদত্ত লিংকের মাধ্যমে বুনিয়াদী প্রশিক্ষণের জন্য পুনরায় আবেদন করতে পারবেন না।**

৪) বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ প্রত্যাশী কোন কর্মকর্তা অনলাইন আবেদনে যে প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন করবেন, উক্ত প্রতিষ্ঠানে বিসিএস ব্যাচ, মেধাক্রম (কোড নম্বর)- এর ভিত্তিতে প্রার্থী মনোনয়ন চূড়ান্ত করা হবে।

৫) কোন কর্মকর্তার আবেদন সফলভাবে সম্পন্ন হলে আবেদনের status 'Under processing' হিসেবে দেখাবে। এই অবস্থায় প্রার্থী নির্বাচিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান পরিবর্তন করতে চাইলে বর্তমান আবেদনটি 'Withdraw' (প্রত্যাহার) করে পুনরায় আবেদন করতে পারবেন। তবে একবার আবেদন অনুমোদিত হলে বা প্রশিক্ষণ আদেশ জারী করা হলে তা সম্ভবপর হবেনা। **উল্লেখ্য যে, একজন আবেদনকারী সর্বোচ্চ ০২ (দুই) বার আবেদন 'Withdraw' (প্রত্যাহার) করতে পারবেন।** এজন্য জরুরী প্রয়োজন ব্যতীত Withdraw অপশনটি ব্যবহার না করতে নির্দেশনা দেয়া যাচ্ছে।

৬) Deputation (both Study and Working Deputation), মাতৃত্বকালীন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি, শিক্ষাছুটি বা অন্যান্য দীর্ঘমেয়াদী ছুটি থাকাকালীন সময়ে কোন প্রার্থী বুনিয়াদী প্রশিক্ষণে মনোনয়নের জন্য বিবেচিত হবেন না। তাই Deputation (both Study and Working Deputation), মাতৃত্বকালীন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি, শিক্ষাছুটি বা অন্যান্য দীর্ঘমেয়াদী ছুটিতে থাকলে বা সম্প্রতি আবেদন করে থাকলে প্রশিক্ষণে মনোনয়ন প্রত্যাশীদের আবেদন করা হতে বিরত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

৭) ইতোমধ্যে সফলভাবে আবেদন সম্পন্নকারী কোন কর্মকর্তা যদি তার আবেদনটি Under processing থাকা অবস্থায় কোন বিশেষ প্রয়োজনে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপরাগ থাকেন বা Deputation (both Study and Working Deputation), মাতৃত্বকালীন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি, শিক্ষাছুটি বা অন্যান্য দীর্ঘমেয়াদী ছুটির জন্য সম্প্রতি আবেদন করে থাকেন, তবে পরবর্তী জটিলতা এড়ানোর জন্য প্রার্থী তার আবেদনটি 'Withdraw' (প্রত্যাহার) করে রাখতে পারবেন।

৮) Deputation (both Study and Working Deputation), মাতৃত্বকালীন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি, শিক্ষাছুটি বা অন্যান্য দীর্ঘমেয়াদী ছুটি সম্পর্কিত তথ্য কর্মকর্তার ব্যক্তিগত এইচআরআইএস প্রোফাইলে হালনাগাদ না থাকার কারণে বুনিয়াদী প্রশিক্ষণের আদেশ জারী হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেনা। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করে আদেশটি বাতিল করিয়ে নিতে হবে। অন্যথায় উক্ত কর্মকর্তা বুনিয়াদী প্রশিক্ষণের জন্য পুনরায় আবেদন করতে পারবেন না।

৯) প্রশিক্ষণে স্বামী-স্ত্রী একসাথে অংশগ্রহণের জন্য উভয়কেই পৃথক ভাবে আবেদন করতে হবে।

১০) বুনিয়াদী প্রশিক্ষণ প্রত্যেক বিসিএস ক্যাডার কর্মকর্তাদের চাকুরী স্থায়ীকরণের জন্য অপরিহার্য। কোন কর্মকর্তা এই প্রশিক্ষণের জন্য নির্বাচিত হলে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করা বাধ্যতামূলক। যুক্তিসঙ্গত কারণে কোন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ব্যর্থ হলে কারণ উল্লেখপূর্বক ও সংশ্লিষ্ট প্রমাণাদি সহ যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করে আদেশটি বাতিল করিয়ে নিতে হবে। অন্যথায় উক্ত কর্মকর্তা বুনিয়াদী প্রশিক্ষণের জন্য পুনরায় আবেদন করতে পারবেন না।

১১) প্রশিক্ষণে মনোনয়নের জন্য https://foundationtraining.dghs.gov.bd লিংকে প্রবেশ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করুন।